জনসংযোগ ও প্রকাশনা শাখা
হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়, দিনাজপুর-৫২০০

Public Relations and Publication Section
Hajee Mohammad Danesh Science and Technology
University, Dinajpur-5200

ই-মেইল: prp@ocr.hstu.ac.bd, Website: www.hstu.ac.bd

আমরা
শোকাহত

# তিনবারের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে হাবিপ্রবির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এনামউল্যা'র শোক বার্তা

তিনবারের সাবেক ও দেশের প্রথম নারী প্রধানমন্ত্রী, গণতান্ত্রিক আন্দোলনের প্রতীক এবং বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর চেয়ারপারসন বেগম খালেদা জিয়া আজ ভোর ৬ টায় এভার কেয়ার হাসপাতালে মৃত্যুবরণ করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরের প্রফেসর ড. মো. এনামউল্যা।

শোকবার্তায় ভাইস-চ্যান্সেলরের মহোদয় বলেন, বেগম খালেদা জিয়া বাংলাদেশের সকল গণতান্ত্রিক আন্দোলন, সংসদীয় রাজনীতি ও নারী নেতৃত্বের বিকাশে এক অনন্য ভূমিকা পালন করেছেন। তিনি দীর্ঘদিন রাষ্ট্র পরিচালনার দায়িত্বে থেকে দেশের রাজনৈতিক ইতিহাসে একটি স্বতন্ত্র ও গুরুত্বপূর্ণ অধ্যায় রচনা করেছেন। তাঁর নেতৃত্ব, দৃঢ়তা ও সাহসিকতা দেশের রাজনৈতিক অঙ্গনে চিরস্মরণীয় হয়ে থাকবে। মহান এই নেত্রীর প্রয়াণে জাতি একজন অভিজ্ঞ রাষ্ট্রনায়ক ও প্রবীণ রাজনৈতিক ব্যক্তিত্বকে হারাল, যা দেশের জন্য এক অপূরণীয় ক্ষতি ও শূন্যতা। তাঁর আপোষহীন নেতৃত্বের ফলে গণতন্ত্রহীন অবস্থা থেকে জাতি বারবার মুক্ত হয়েছে, মুক্তির অনুপ্রেরণা পেয়েছে। দেশের প্রতিটি সংকট ও ক্রান্তিকালে তিনি জাতির কান্ডারী হিসেবে আবির্ভূত হয়ে হাল ধরেছেন। দেশ প্রেম ও জনগণের প্রতি তার ভালোবাসা ও দায়বদ্ধতা পৃথিবীর ইতিহাসে বিরল। স্বৈরাচার ও ফ্যাসিবাদী শক্তির সকল নিপীড়ন, জেল-জুলুম নির্যাতন সত্ত্বেও অন্যায়ের বিরুদ্ধে আপোষ করেননি। তাই তিনি হয়ে উঠেন 'আপোষহীন নেত্রী'। দেশ ও জাতির প্রতি তাঁর অবদান জাতি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে।

শোকের এই মুহূর্তে আমি মরহুমার রুহের মাগফিরাত কামনা করছি এবং মহান আল্লাহ তাঁকে জান্নাতুল ফেরদৌস নসিব করুন সেই দোয়া করছি। একই সঙ্গে তাঁর শোকসন্তপ্ত পরিবার-পরিজন, স্বজন ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে জাতির এই শোকার্ত মুহূর্তে আমরা মরহুমার আদর্শ ধারণ করে দেশ ও জনগনের কল্যাণে কাজ করার এবং পরিবারের পাশে থাকার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করছি।

বার্তা প্রেরক-

৩০/১২/২০২৫

**মো. খাদেমুল ইসলাম**
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ ও প্রকাশনা শাখা
হাবিপ্রবি, দিনাজপুর